


উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর ১.১
অনুযায়ী উপজেলা সমবায় কার্যালয় বরিশাল কর্তৃক
“নৈতিকতা কমিটি” সভার উপস্থিতি হাজিরা।

তারিখ: ২৬/১২/২৪ খ্রি:

রোজ: বৃহস্পতি বার

বেলা: ১১ ঘটিকা

ক্র: নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মো: সাইদুর রহমান উপজেলা সমবায় অফিসার বাকেরগঞ্জ, বরিশাল।	আহবায়ক	
০২	মো: সোহাগ, সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় বাকেরগঞ্জ, বরিশাল।	সদস্য	
০৩	মোহাম্মদ খবির উদ্দিন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর উপজেলা সমবায় কার্যালয় বাকেরগঞ্জ, বরিশাল।	সদস্য	



গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল।

উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল, কর্তৃক আয়োজিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি: মো: সাইদুর রহমান
স্থান: উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল।
তারিখ: ২৬ ডিসেম্বর ২০২৪ খ্রি, বৃহস্পতি বার;
সময়: বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক

উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল কর্তৃক আয়োজিত নৈতিকতা কমিটির সভায় নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করা হয়, সভাপতি অধ্যকার সভার আহবান ও উদ্দেশ্য সম্পর্কে বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ খ্রি: এর সূচক এ প্রতি কোয়াটারে নৈতিকতা কমিটির ০১ টি সভা করার বাধ্যবাধকতা আছে। এ পরিপ্রেক্ষিতে আজকের সভা অনুষ্ঠিত হচ্ছে। পরে নিম্ন লিখিত আলোচ্য বিষয়সূচি অনুযায়ী সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়সূচি :

- ১। অফিসে নিয়মিত ও সময়মত উপস্থিত নিশ্চিত করার সংক্রান্ত।
- ২। সেবা প্রত্যাশীদের সাথে উত্তম আচরণ সংক্রান্ত।
- ৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন সংক্রান্ত।
- ৪। সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদের অংশগ্রহণে মতবিনিময় সভা আয়োজন সংক্রান্ত।
- ৫। ২০২৪-২৫ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ
- ৬। বিবিধ।

১নং আলোচনা : সভায় মো: সাইদুর রহমান, উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল বলেন যে, সরকারের সর্বশেষ সাকুলার অনুযায়ী প্রত্যেক সরকারী কর্মচারীদের নিয়মিত এবং সময়মত অফিসে উপস্থিত থাকতে হবে।

সিদ্ধান্ত : সভায় প্রত্যেক কর্মচারীদের নিয়মিত ও সময়মত অফিসে উপস্থিত নিশ্চিত করার বিষয়টি মনিটরিং করার জন্য অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর কে দায়িত্ব প্রদান করা হয়।

২নং আলোচনা : সভায় মো: সাইদুর রহমান, উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল বলেন যে, সরকারী কর্মচারীদের গুরুত্বপূর্ণ দায়িত্ব হ'ল সকল সময়ে প্রজাতন্ত্রের জনগণের সেবা করার চেষ্টা। তাই আমাদের এ বিষয়টি নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্ত : সভায় সেবা প্রত্যাশীদের জন্য আলাদা বসার জায়গা, বসার জায়গায় ব্যানার প্রদর্শন, এবং কর্মকর্তা কর্মচারীদেরকে সেবা প্রত্যাশীদের সাথে উত্তম আচরণ করার বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত হয়।

৩নং আলোচনা : সভায় মো: সাইদুর রহমান, সভাপতি ও উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল বলেন যে, জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ১.২ সূচক অনুযায়ী প্রতি দুই কোয়াটারে অংশীজনের অংশগ্রহণে ০১ টি করে সভা করার বাধ্যবাধকতা আছে।

সভায় ৩য় কোয়াটারের ২য় সভা আয়োজনের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : সভায় সিদ্ধান্ত হয় যে আগামী ২০/০৩/২০২৫ খ্রি: তারিখ রোজ বৃহ: বার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশালে অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হবে।

৪নং আলোচনা : সভায় মো: সাইদুর রহমান, সভাপতি ও উপজেলা সমবায় অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল বলেন যে, জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ১.৩ সূচক অনুযায়ী দুই কোয়াটারে অংশীজনের অংশগ্রহণে ০১ টি করে সভা করার বাধ্যবাধকতা আছে। সভায় ৩য় কোয়াটারের ২য় সভা আয়োজনের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : সভায় সিদ্ধান্ত হয় যে আগামী ১৯/০৩/২০২৫ খ্রি: তারিখ রোজ মঙ্গল বার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশালে অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হবে।

০৫ নং আলোচনা : ২০২৪-২৫ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ :

সভায় জানানো হয় যে, ২০২৪-২৫ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ইতিমধ্যে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। পরবর্তীতে ক্রয় পরিকল্পনা আরো কোন সংশোধনের প্রয়োজন হলে তা করে ওয়েব সাইটে আপলোড করা হবে।

বিবিধ প্রসঙ্গে আরকোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: সাইদুর রহমান
উপজেলা সমবায় অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল

ও

সভাপতি

নৈতিকতা কমিটি

